

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়
ধর্মপাশা, সুনামগঞ্জ।
www.dharmapasha.sunamganj.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৯০৩২.০০২.১৫.০২৪.২২-৮৫১

তারিখ-২০নভেম্বর, ২০২২খ্রি:।


বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থ বছরে সুনামগঞ্জ জেলার ধর্মপাশা উপজেলায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন বিভিন্ন হাওর রক্ষা বাঁধের ভাঙ্গন বন্ধকরণ/মেরামত করার নিমিত্তে পিআইসি গঠনের লক্ষ্যে নির্ধারিত ফরমে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদন আহবান করা যাচ্ছে। আবেদনকারীগণকে ফরম পূরণ করে আগামী ২৮/১১/২০২২ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। ত্রুটিপূর্ণ/অস্পষ্ট আবেদন বাতিল বলে গণ্য হবে। নির্ধারিত সময়ের পর আবেদন গ্রহণ করা হবে না।

শর্তসমূহ:

সংশোধিত কাবিটা নীতিমালা-২০১৭ অনুযায়ী পিআইসির সভাপতি, সদস্য সচিব ও সদস্যদের সংশ্লিষ্ট হাওড়ে জমির মালিকানা স্বপক্ষে প্রমাণক হিসাবে নিম্নের কাগজাদি দাখিল করতে হবে:

- (ক) ইউপি চেয়ারম্যান কর্তৃক নাগরিক সদন পত্র।
- (খ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (পিআইসি কমিটির সকলের)।
- (গ) সভাপতি/সম্পাদকসহ সকল সদস্যগণের ০১(এক) কপি করে পাসপোর্ট সাইজের ছবি।
- (ঘ) জমির খতিয়ান (পর্চা)।
- (ঙ) সংশ্লিষ্ট মৌজা ম্যাপের ফটোকপি।
- (চ) প্রকৃত কৃষক হিসাবে উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন/কৃষি কার্ড।


(অলিদুজ্জামান)

উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)

ও

সভাপতি

কাবিটা স্কীম প্রণয়ন ও বাস্তবায়ন উপজেলা কমিটি
ধর্মপাশা, সুনামগঞ্জ।

উপ-সহকারী প্রকৌশলী

ও

মনিটরিং কমিটির সদস্য সচিব ও শাখা কর্মকর্তা, ধর্মপাশা
পওর শাখা-২ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সুনামগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

- ০১। মাননীয় সংসদ সদস্য ২২৪, সুনামগঞ্জ-১।
- ০২। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কাবিটা কমিটি, সুনামগঞ্জ।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধর্মপাশা, সুনামগঞ্জ।
- ০৪। নির্বাহী প্রকৌশলী, সুনামগঞ্জ পওর বিভাগ-১, বাপাউবো, সুনামগঞ্জ ও সদস্য-সচিব, জেলা কাবিটা কমিটি।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, সুনামগঞ্জ পওর বিভাগ-১, বাপাউবো, সুনামগঞ্জ।
- ০৬। কাবিটা স্কীম প্রণয়ন ও বাস্তবায়ন উপজেলা কমিটি, সদস্য (সকল), ধর্মপাশা, সুনামগঞ্জ।
- ০৭। ইউনিয়ন পরিষদ (সকল ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে প্রকাশ করতে হবে)।
- ০৮। নোটিশ বোর্ড।
- ০৯। অফিস কপি।